

নির্বাহী সারসংক্ষেপ

বাংলাদেশ সরকারের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং সরকারের উচ্চশিক্ষা জন্য কৌশলগত পরিকল্পনার অঙ্গীকার অনুযায়ী কলেজ সাব-সেক্টরের মান ও সুশাসন নিশ্চিত করতে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ওয়ার্ল্ড ব্যাংকের সহযোগিতায় ‘কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রোজেক্ট (সি.ই.ডি.পি./CEDP) চালু করার পরিকল্পনা করছে।

এই প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে কলেজ সাব-সেক্টরের কৌশলগত পরিকল্পনা ও ব্যবস্থাপনা ক্ষমতার সমৃদ্ধিসাধন এবং শিক্ষা ও নির্বাচিত কলেজের শিক্ষার পরিবেশ উন্নয়ন। এই প্রকল্পটি কলেজ শিক্ষার মান, প্রাসঙ্গিকতা এবং ব্যবস্থাপনা সমৃদ্ধির মাধ্যমে দেশের উন্নত উচ্চ শিক্ষা নিশ্চিত করার ব্যাপারে আগ্রহী। এই লক্ষ্যে প্রকল্পটি তিনটি কম্পোনেন্ট সৃষ্টি করেছে যা টারশিয়ারি কলেজ শিক্ষার মানের উন্নয়ন ঘটাতে বন্ধপরিকর। কম্পোনেন্ট ১) কৌশলগত পরিকল্পনা ও ব্যবস্থাপনা ক্ষমতার সমৃদ্ধিসাধন; কম্পোনেন্ট ২) বাছাইকৃত কলেজসমূহে শিক্ষার মানোন্নয়ন; এবং ৩) প্রকল্প ব্যবস্থাপনা, যোগাযোগ, মনিটরিং এবং ইভালুয়াশন। প্রথম দুটি কম্পোনেন্ট পরিচালিত হবে ফলাফল ভিত্তিক অর্থায়ন (RBF) পদ্ধতিতে যা সরকারের টারশিয়ারি শিক্ষার উন্নয়ন পরিকল্পনার অর্জনসমূহের পরিপূরক হিসেবে কাজ করবে।

প্রকল্পের আওতায় চিহ্নিত কার্যক্রমসমূহের প্রকৃতি প্রধানত প্রযুক্তিগত সহায়তার উপর নির্ভরশীল যেমন, দক্ষতা উন্নয়ন (soft-skills), প্রাতিষ্ঠানিক স্ব-মূল্যায়ন দক্ষতা, ইত্যাদি। এতে স্বল্পমাত্রার সিভিল কার্যক্রম সংশ্লিষ্ট কম্পোনেন্ট বা অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম জড়িত। প্রস্তাবিত প্রকল্প বিদ্যমান ভবন, শ্রেণীকক্ষ, বিজ্ঞান ও কম্পিউটার ল্যাব পুনর্বাসন / সংস্কার এর জন্য অর্থায়ন করতে পারে। OP 4.12 (অনৈচ্ছিক পুনর্বাসন/ Involuntary Resettlement) এর সাথে জড়িত কোন সিভিল কার্যক্রম প্রকল্পটিতে অন্তর্ভুক্ত হবে না। কোন প্রকার জমি অধিগ্রহণ, প্রাইভেট বা পাবলিক জমি থেকে মানুষ বা সম্প্রদায়ের স্থানচ্যুতি বা মানুষের জীবন ও জীবিকার উপর কোনো ধরনের নেতিবাচক প্রভাব প্রকল্পের আওতায় অনুমোদিত হবে না। যেকোনো অবকাঠামোগত উন্নয়ন বা সংস্কার কলেজ বা শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব এবং বর্তমান ভূমির উপর সংঘটিত হবে। সরকারী জমি ব্যবহৃত হলে এটি নিশ্চিত করা হবে যে জমিটি বেআইনি দখল বা অন্য যেকোনো ধরনের দায়মুক্ত এবং এটিও নিশ্চিত করা হবে যে জমিতে লিজ নেয়া কৃষক, বর্গাচাষি প্রভৃতি ব্যক্তিগত প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত না হয়। ব্যক্তিগত জমি অধিগ্রহণ, শিরোনাম নির্বিশেষে পাবলিক বা প্রাইভেট জমি থেকে সম্প্রদায় বা মানুষ স্থানচ্যুতির প্রয়োজন এই প্রকল্পের নেই এবং এই প্রকল্পের কার্যক্রমের ফলে মানুষের জীবন ও জীবিকার উপর কোন প্রকৃতির বিরূপ প্রভাব পরবে না। সুতরাং, OP 4.12 (অনৈচ্ছিক পুনর্বাসন/ Involuntary Resettlement) এর সাথে জড়িত কোন কার্যক্রম প্রকল্পটির অন্তর্ভুক্ত হবে না।

ক্ষুদ্র নৃ-ও অসহায় মানুষের (SEVP) ভৌগোলিক আবাসস্থলসহ বাংলাদেশের সকল জায়গার কলেজসমূহ এই প্রকল্পের আওতাধীন। সুতরাং, প্রকল্পটি OP 4.10 এর সাথে জড়িত। তাই ক্ষুদ্র নৃ-ও অরক্ষিত সম্প্রদায় উন্নয়ন কার্ঠামো (SEVCDF) এবং জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) এই SMF এর অন্তর্ভুক্ত করা হয়েছে। এটি উল্লেখ করা প্রয়োজন যে প্রকল্পটি SEVC এর উপর কোন ধরনের বিরূপ প্রভাব ফেলবে না। এর ফ্রেমওয়ার্ক লিঙ্গ এবং অন্তর্ভুক্তিকরণের দিকগুলো উপর গুরুত্ব দেয় এবং বর্ণিত সম্প্রদায়ের জন্য প্রকল্পের PDO অর্জনের সম্ভাবনা বৃদ্ধির লক্ষ্যে SEV সম্প্রদায়ের সাথে এবং বিশেষত শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে আলচনার মাধ্যমে কর্মসঞ্চালনার দিকনির্দেশনা প্রদান করে। যেহেতু প্রকল্পটি শুধুমাত্র OP/BP 4.10 এর সাথে জড়িত এবং প্রকল্প বাস্তবায়নের সঠিক ভৌগোলিক অবস্থানসমূহ এখনো নির্ধারণ করা হয়নি, SEVCDF একটি সাংস্কৃতিক এবং সংবেদনশীল পদ্ধতিতে সকল ক্ষুদ্র নৃ ও অসহায় সম্প্রদায়ের অংশগ্রহণ নিশ্চিত করে, যা প্রকল্প তৈরির এবং বাস্তবায়ন সময়কালীন ওয়ার্ল্ড ব্যাংক এর প্রাসঙ্গিক গ্রুপ/সম্প্রদায়ের সাথে মুক্ত, বিদিত ও পূর্ব-অবহিত আলোচনার শর্তটি পূর্ণ করে। এই SMF টি জাতীয় আইন ও প্রযোজ্য বিশ্বব্যাংকের পরিচালনাগত নীতিসমূহ সঙ্গে সঙ্গতি রেখে তৈরি করা হয়েছে।

প্রয়োজনীয় SMF ব্যবস্থা ও ক্যাপাসিটি বিল্ডিং প্রচেষ্টার জন্য প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গ্রহণ এই ফ্রেমওয়ার্কে বর্ণিত আছে। এই ফ্রেমওয়ার্ক গ্রহণের মাধ্যমে বিশ্বব্যাংকের প্রাসঙ্গিক সুরক্ষা নীতি ও বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়ার সাথে সাথে প্রকল্পটি জাতীয় এবং স্থানীয় পর্যায়ের সামাজিক সঙ্গতি পূরণ করবে। সংযুক্ত স্কিনিং ফরম্যাট অনুযায়ী বেনিফিশিয়ারি কলেজগুলো বাছাই করা হবে যাতে তাদের মধ্যে SEVC এর উপস্থিতি নিশ্চিত করা যায়। যেখানে অধিকসংখ্যক SEVC এর উপস্থিতি পাওয়া যাবে সেখানে ফ্রেমওয়ার্কে নির্দেশনা হিসেবে ব্যবহার করে ক্ষুদ্র নু-ও সম্প্রদায়গুলোর জন্য উন্নয়ন পরিকল্পনা তৈরি করা হবে যাতে তাদের অংশগ্রহণ, অন্তর্ভুক্তিকরণ এবং ইতিবাচক ফলাফল বৃদ্ধি সম্ভবপর হয়।

পি.সি.ইউ (PCU) এর মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন (M&E) ইউনিট SMF অনুযায়ী সামাজিক নিরাপত্তা ব্যবস্থা কার্যক্রম পর্যবেক্ষণ করবে এবং এসংক্রান্ত তথ্যাদি ৬-মাস অন্তর অন্তর প্রস্তুত মনিটরিং রিপোর্টে বর্ণনা করবে যা বাংলাদেশ সরকার এবং ওয়ার্ল্ড ব্যাংক এর সাথে শেয়ার করা হবে।